



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



স্মারক নং- বামাশিবো/প্রশাসন/চট্টগ্রাম-১২০/ ৩০৪৬

তারিখঃ ২৯.০১.২০১৯ খ্রিঃ

বিষয়ঃ রিট পিটিশন নং- ৫০/২০১৯ এর প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ অনুযায়ী এনেঞ্জার-এইচ নিষ্পত্তির নিমিত্তে বোর্ডে উপস্থিত হয়ে মুখোমুখি শুনানীতে অংশগ্রহণ প্রসঙ্গে।


সূত্রঃ রিট পিটিশন নং- ৫০/২০১৯ এর প্রেক্ষিতে ২০.০১.২০১৯ খ্রিঃ তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলাধীন বায়তুশ শরফ আদর্শ দাখিল মাদ্রাসার মেয়াদ উত্তীর্ণ কমিটি বাতিল পূর্বক প্রস্তাবিত এডহক কমিটি অনুমোদনের জন্য মাদ্রাসার প্রতিষ্ঠাতা সদস্য জনাব এম এম ইব্রাহীম অত্র বোর্ডে একখানা আবেদন দাখিল করেন। পরবর্তীতে একই বিষয়ে জনাব এম এম ইব্রাহীম মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৫০/২০১৯ দায়ের করেন। উক্ত রিট পিটিশন দায়েরের প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক জনাব এম এম ইব্রাহীম এর ২৩.০৯.২০১৮ খ্রিঃ তারিখের আবেদন (এনেঞ্জার-এইচ) ৩০ দিনের মধ্যে নিষ্পত্তি করার জন্য বোর্ডকে নির্দেশ প্রদান করেছেন।

বর্ণিত অবস্থায় মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ বাস্তবায়নের নিমিত্তে আগামী ০৬.০২.২০১৯ খ্রিঃ তারিখ রোজ বুধবার প্রয়োজনীয় কাগজপত্রসহ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে উপস্থিত হয়ে মুখোমুখি শুনানীতে অংশগ্রহণ করার জন্য তাঁদেরকে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


29.01.19

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

- প্রাপকঃ**
- ১) সুপার, বায়তুশ শরফ আদর্শ দাখিল মাদ্রাসা, হাটহাজারী, চট্টগ্রাম।
 - ২) জনাব এম এম ইব্রাহীম, পিতা- মরহুম আলী আহমদ, প্রতিষ্ঠাতা, বায়তুশ শরফ আদর্শ দাখিল মাদ্রাসা, গ্রাম ধলই, পোঃ এনায়েতপুর, হাটহাজারী, চট্টগ্রাম।
 - ৩) জনাব মোঃ আইয়ুব আলী, অভিভাবক, বায়তুশ শরফ আদর্শ দাখিল মাদ্রাসা, পোঃ এনায়েতপুর, হাটহাজারী, চট্টগ্রাম।

অনুলিপিঃ

১. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
২. অফিস কপি।